কালের কণ্ঠ

তারিখ 17 JUL 2005
পৃষ্ঠা [illegible] কলাম [illegible]

# কুষ্টিয়ার পলিটেকনিক ইনস্টিটিউটের শিক্ষকের বিরুদ্ধে তদন্তের নির্দেশ শিক্ষামন্ত্রীর

নিজস্ব প্রতিবেদক ▷

কালের কণ্ঠে গতকাল বৃহস্পতিবার প্রকাশিত 'পলিটেকনিক ইনস্টিটিউট : ঘুষ না দেওয়ায় ফেল, শিক্ষকের অপসারণ দাবি' শীর্ষক খবরের প্রতি শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। তিনি এ ব্যাপারে তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিবকে (কারিগরি) নির্দেশ দিয়েছেন বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে।

অভিযোগ ওঠে, কুষ্টিয়া সরকারি পলিটেকনিক ইনস্টিটিউটের শিক্ষক আব্দুল মান্নানকে ঘুষ না দেওয়ায় বোর্ডের সমাপনী ব্যবহারিক পরীক্ষায় তিনি ১৫ শিক্ষার্থীকে ফেল করিয়ে দিয়েছেন। এ ঘটনার প্রতিবাদে গত বুধবার শিক্ষার্থীরা ওই শিক্ষকের শাস্তির দাবিতে কুষ্টিয়ায় মানববন্ধন কর্মসূচি পালন করেন।